

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে হল থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার

৩ তিন ছাত্র বহিষ্কার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সর্বোদাতা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আনন্দিক হল থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে। এর মধ্যে রক্ত, পাইপ, দা ও পাথর রয়েছে। গতকাল বুধবার সকাল সাড়ে ১০টার বিশ্ববিদ্যালয়ের শাহজালাল হল থেকে এসব উদ্ধার করা হয়। অস্ত্র মজুদের ঘটনায় অভিযোগে হলের তিন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হলের কেয়ারটেকারসহ এই ৩ ছাত্রের বিরুদ্ধে মামলা করবে বলে জানা গেছে। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে হলের ৩১৫নং কক্ষ এবং হলের গেষ্ট রুম থেকে এসব ধারালো অস্ত্র উদ্ধার করা হয়। উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে প্রায় ২০টি আড়াই ফুট লম্বা রি.আই পাইপ, ৪টি তিন ফুট লম্বা লোহার রক্ত, ২টি দা, ৪টি তিন ফুট লম্বা লোহার পাত ও দুই বটা পাথর। এদিকে এ ঘটনায় ৩১৫ নম্বর কক্ষের ২ আনন্দিক ছাত্রকে

হল থেকে বহিষ্কার করা হয়েছে। এরা হলেন মিজানুর রহমান ও মওদুদুল ইসলাম। একই সঙ্গে নিজের নামে বরাদ্দ কক্ষে না থেকে অন্য কক্ষে থাকা এবং অথবা একটি সিটের জন্য আবেদন করার অপরাধে সিদ্দিকউদ্দিন নামে অপর এক ছাত্রকেও হল থেকে বহিষ্কার করা হয়েছে। হলের স্টেজ কমে না গেলে গেষ্ট রুমে বেশ কিছু লোহার রক্ত ও পাইপ রাখার অপরাধে হলের তত্ত্বাবধায়ক আহমদ হৈয়দরহ ওই ৩ ছাত্রের বিরুদ্ধে মামলা দায়ের করার প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন সহকারী প্রক্টর চন্দন কুমার গোস্বামী।